



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/ ২২০১

তারিখঃ ১/১২/২০১৬খ্রিঃ

বিষয়ঃ গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ ফজলুল হক হাওলাদার এর পদ বাতিল পূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/১৯৪১; তারিখঃ ০৫/০৯/২০১৬খ্রিঃ
 - ২) নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/২১০০; তারিখঃ ২৭/১০/২০১৬খ্রিঃ
 - ৩) স্মারক নং- ০৫.১০.৪২৮৪.০০১.০৫.০০৩.১৬-৯০৯; তারিখঃ ২০/১১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বালকাঠী জেলার রাজাপুর উপজেলাধীন ইসহাকাবাদ হোসাইনিয়া আলিম মাদরাসার গভার্ণিং বডির সভাপতি জনাব মোঃ ফজলুল হক হাওলাদার এর বিরুদ্ধে বিধি মোতাবেক দায়িত্ব পালন না করার অভিযোগ এনে তার পরিবর্তে অন্য একজনকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদানের জন্য ০৩জনের নামের তালিকাসহ কাগজপত্র দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, তালিকার ০১নং ক্রমিকে বর্ণিত আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন মুধা মজিবরকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদানের জন্য মাননীয় সংসদ সদস্য, ১২৫ বালকাঠী-১ জনাব বজলুল হক হারুন, এমপি সুপারিশ করেন।

২) পরবর্তীতে সভাপতি হিসাবে জনাব মোঃ ফজলুল হক হাওলাদার এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-১১ ও ৪১ এর পরিপন্থী হওয়ায় প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৬৬১/৪/নথি নং-বালকাঠী-১৩১; তারিখঃ ২৪/১১/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসাবে তাঁর পদ কেন বাতিল করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি জনাব মোঃ ফজলুল হক হাওলাদার জবাব দাখিল করেন। জবাবে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক নয় মর্মে দাবী করে সরজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

৩) অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, বালকাঠীকে সূত্রোক্ত ২নং স্মারকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, বালকাঠী এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্তে সভাপতি মোঃ ফজলুল হক এর প্রতি শিক্ষক-কর্মচারী, গভার্ণিং বডির সদস্য ও অভিভাবকবৃন্দের অসন্তুষ্টি প্রদর্শন করা, যথাযথভাবে সভাপতি পদের দায়িত্ব পালন না করার বিষয়টি প্রমাণিত হয়েছে। এছাড়া প্রতিবেদনে জনাব মোঃ ফজলুল হক হাওলাদারকে সভাপতি পদ থেকে অব্যহতি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায়-

ক) তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৬৬১/৪/নথি নং-বালকাঠী-১৩১; তারিখঃ ২৪/১১/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ ফজলুল হক হাওলাদার এর পদ এতদ্বারা বাতিল করা হলো; এবং

খ) মাদরাসার দৈনন্দিন কার্যক্রম পরিচালনার স্বার্থে গভার্ণিং বডির অবশিষ্ট মেয়াদের জন্য স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের সুপারিশ অনুযায়ী আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন মুধা মজিবরকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদান করা হলো।

০৫/১২/২০১৬
মোঃ নজরুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২

প্রাপকঃ আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন মুধা মজিবর, পিতা- মৃত মোঃ আবুল হাশেম মুধা
গ্রাম+ ডাকঘর+উপজেলা- রাজাপুর, জেলা- বালকাঠী।

নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-১৩১/

তারিখঃ ১/১২/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বালকাঠী।
২. উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, বালকাঠী।
৩. জেলা শিক্ষা অফিসার, বালকাঠী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, বালকাঠী।
৫. অধ্যক্ষ, ইসহাকাবাদ হোসাইনিয়া আলিম মাদরাসা, রাজাপুর, বালকাঠী।
৬. সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, ইসহাকাবাদ হোসাইনিয়া আলিম মাদরাসা, রাজাপুর, বালকাঠী।
৭. জনাব মোঃ ফজলুল হক হাওলাদার, (বাতিলকৃত সভাপতি), গভার্ণিং বডি, ইসহাকাবাদ হোসাইনিয়া আলিম মাদরাসা, রাজাপুর, বালকাঠী।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪